



গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২  
রাজেন্দ্রপুর, গাজীপুর।


**দরপত্র বিজ্ঞপ্তি**

গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক নিম্নোক্ত বিবরণ মোতাবেক মালামাল ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামালের বিবরণ	সিডিউল সুল্য (টাকা)	দরপত্র জমানত (টাকা)	দরপত্র বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণের সময়সূচী	দরপত্র খোলার সময়সূচী
১	২	৩	৪	৫	৬	৭
G-20-21.77.109	প্লিন্টিং সামগ্রী	১,০০০/-	১৮,৫০০/-	১৫.১১.২০২০ খ্রিঃ তারিখ হতে	৩০.১১.২০২০ খ্রিঃ তারিখ	৩০.১১.২০২০ খ্রিঃ তারিখ
G-20-21.77.111.001	স্টেশনারী সামগ্রী	১,০০০/-	৫,০০০/-	২৯.১১.২০২০ খ্রিঃ পর্যন্ত, অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত)	বেলা ১১:০০ ঘটিকা পর্যন্ত	দুপুর ১১:০৫ ঘটিকা

- ০১। দরদাতাগণ অফিস চলাকালীন নিম্ন ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ ও দরপত্র দলিল দেখতে পারবেন।
- ০২। আগ্রহী দরদাতাগণ গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে উপরে বর্ণিত আইটেমের (২ নং কলাম) বিপরীতে পার্শ্বে বর্ণিত (৩ নং কলাম) নির্ধারিত পরিমাণ টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (১) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, গাজীপুর অথবা (২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঝিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন এবং ৬ নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিল করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে দরপত্র প্রেরণ/গ্রহণ করা হবে না। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল হিসেবে গণ্য হবে। প্রতিটি দরপত্রের সাথে দরদাতাকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে বাংলাদেশী যে কোন তফসীল ব্যাংক হতে উপরে উল্লেখিত (০৪ নং কলামে বর্ণিত) পরিমাণ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট দরপত্র জমানত হিসেবে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র ৭ নং কলামে বর্ণিত সময়সূচী অনুযায়ী উল্লেখিত দাখিলকৃত স্থানসমূহে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। সরবরাহকারীকে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে।
- ০৪। দরপত্র সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকলে দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৬। দরপত্র বিজ্ঞপ্তি এবং এতদসংক্রান্ত অন্যান্য তথ্য (যদি থাকে) অত্র সমিতির ওয়েব সাইটঃ [www.pbs2.gazipur.gov.bd](http://www.pbs2.gazipur.gov.bd) এ পাওয়া যাবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার।  
টেলিফোন# ০২-৯২০১৭৮৩

  
14-11-2020  
মুহাম্মদ আব্দুল ফাত্তাহ  
এজিএস (প্রশাসন)  
গাজীপুর পবিস-২